

# বিমান বিধ্বস্ত : ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভিসির শোক

অনলাইন ডেস্ক



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মো. শামছুল আলম। সংগৃহীত ছবি

রাজধানীর উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে প্রশিক্ষণ বিমান

বিধ্বস্ত হয়ে মর্মান্তিক হতাহতের ঘটনায় ইসলামি আরবি

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর (ভিসি) প্রফেসর ড. মো.

শামছুল আলম গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

সোমবার (২১ জুলাই) গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে

তিনি এ শোক জানান।

সংবাদ বিজ্ঞপ্তিতে ভিসি প্রফেসর ড. মো. শামছুল আলম মর্মান্তিক

এই দুর্ঘটনায় অগ্নিদগ্ধ হয়ে কোমলমতি শিক্ষার্থীসহ যারা নিহত

হয়েছেন, তাদের রুহের মাগফিরাত কামনা করেন এবং যারা

আহত হয়ে চিকিৎসাধীন আছেন, তাদের সকলের দ্রুত সুস্থতা

কামনা করেন।

শোকাহত পরিবারের সদস্যদের প্রতি তিনি গভীর সমবেদনা  
প্রকাশ করেন।

একই সঙ্গে তিনি আহতদের সুচিকিৎসা নিশ্চিত করতে সরকারের  
প্রতি অনুরোধ জানান।

উল্লেখ্য, সোমবার দুপুরে বাংলাদেশ বিমানের একটি প্রশিক্ষণ  
বিমান উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের একটি ভবনে  
পতিত হয়ে বিধ্বস্ত হয়। এতে স্কুলের অনেক কোমলমতি শিক্ষার্থী  
নিহত এবং অনেকে অগ্নিদগ্ধ ও আহত হয়। মর্মান্তিক এই দুর্ঘটনায়  
বাংলাদেশ সরকার মঙ্গলবার (২২ জুলাই) জাতীয় শোক ঘোষণা  
করেছে।

এদিন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত  
রাখা হবে। জোহর নামাজের পরে নিহতদের রুহের মাগফিরাত ও  
আহতদের সুস্থতা কামনা করে বিশেষ দোয়ার আয়োজন হবে।